# রাজশাহী বোর্ড ২০১৬

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যে কোনো **একটি** বিষয়ে অনুচ্ছেদ লেখ: ৫

(ক) সত্যবাদিতা;

(খ) গ্রাম্যমেলা।

২. (ক) পরীক্ষায় কৃতিত্ব প্রদর্শনের জন্য বন্ধুকে অভিনন্দন জানিয়ে একখানা পত্র লেখ। ৫

অথবা, (খ) দরিদ্র তহবিল থেকে সাহায্য প্রাপ্তির জন্য তোমার বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র লেখ।

৩. (ক) সারাংশ লেখ: ১০

কিসে হয় মর্যাদা? দামি কাপড়, গাড়ি-ঘোড়া, না ঠাকুর-দাদা কালের উপাধিতে? না, মর্যাদা এসব জিনিসে নেই। আমি দেখতে চাই তোমার ভিতর, তোমার বাহির, তোমার অন্তর। আমি জানতে চাই, তুমি চরিত্রবান কিনা, তুমি সত্যের উপাসক কিনা। তোমার মাথা দিয়ে কুসুমের গন্ধ বেরোয়, তোমায় দেখলে দাস-দাসী দৌড়ে আসে, প্রজারা তোমায় দেখে সন্ত্রস্ত হয়, তুমি মানুষের ঘাড়ে চড়ে হাওয়া খাও, মানুষকে দিয়ে জুতা খোলাও, তুমি দিনের আলোতে মানুষের টাকা আত্মসাৎ কর। বাপ-মা, শ্বশুর-শাশুড়ি তোমায় আদর করেন, আমি তোমায় অবজ্ঞায় বলব— যাও।

https://teachingbd24.com

অথবা, (খ) সারমর্ম লেখ:

নিন্দুকেরে বাসি আমি সবার চেয়ে ভালো,
যুগজনমের বন্ধু আমার, আঁধার ঘরের আলো।
সবাই মোরে ছাড়তে পারে বন্ধু যারা আছে,
নিন্দুক সে ছায়ার মতো থাকবে পাছে পাছে
বিশ্বজনে নিঃস্ব করে পবিত্রতা আনে,
সাধকজনে বিস্তারিত তারমতো কে জানে?
বিনামূল্যে ময়লা ধুয়ে করে পরিষ্কার,
বিশ্বমাঝে এমন দয়াল মিলবে কোথা আর?
নিন্দুক সে বেঁচে থাকুক বিশ্বহিতের তরে
আমার আশা পূর্ণ হবে তাহার কৃপাভরে।

৪. যে কোনো **একটির** ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

(খ) স্বদেশের উপকারে নেই যার মন
কে বলে মানুষ তারে? পশু সেইজন।

৫. যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা কর: ১০

(ক) একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনার বিবরণ দিয়ে দৈনিক পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

(খ) তোমার বিদ্যালয়ে মহান একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার বর্ণনা দিয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৬. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) বর্ষায় বাংলাদেশ;

(খ) দেশগঠনে ছাত্রসমাজের ভূমিকা;

(গ) কৃষিকাজে বিজ্ঞান।

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **নিচের কোনটি নিত্য সমাসের উদাহরণ নয়?**
ক) যুগান্তর খ) দেশান্তর
গ) গ্রামান্তর ঘ) তেপান্তর

২. **প্র যে বচন = প্রবচন— কোন সমাস?**
ক) তৎপুরুষ খ) কর্মধারয়
গ) প্রাদি ঘ) দ্বিগু

৩. **নিচের কোনটি মধ্যপদলোপী সমাসের উদাহরণ?**
ক) চন্দ্রমুখ খ) বিষাদ সিন্ধু
গ) স্মৃতিসৌধ ঘ) অরুণরাঙা

৪. **'নিমরাজি' শব্দটিতে ব্যবহৃত 'নিম' কোন উপসর্গ?**
ক) আরবি খ) বাংলা
গ) তৎসম ঘ) ফারসি

৫. **'কাজটি ভাল দেখায় না'।— বাক্যে কোন ধাতুর প্রয়োগ দেখানো হয়েছে?**
ক) সাধিত খ) কর্মবাচ্যের
গ) প্রযোজক ঘ) সংযোগমূলক

৬. **'পূজক' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**
ক) √পূঁজি + ণক খ) √পূঁজি + নক
গ) √পূজী + অক ঘ) √পূজী + নক

৭. **নিচের কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?**
ক) মনু + ষ্ণ = মানব খ) জিত্ + অ = জিত
গ) বহ্ + তা = বহতা ঘ) লভ্ + য = লভ্য

৮. **উৎসের দিক থেকে বাংলা ভাষার শব্দগুলোকে কয়ভাগে ভাগ করা হয়েছে?**
ক) দুই খ) তিন
গ) চার ঘ) পাঁচ

৯. **নিচের কোনটি উপাদানবাচক নাম বিশেষণ?**
ক) প্রথমা কন্যা খ) তাজা মাছ
গ) নীল আকাশ ঘ) পাথুরে মূর্তি

১০. **'মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ!'— বাক্যটিতে অন্বয়ী অব্যয় দ্বারা কী প্রকাশ পেয়েছে?**
ক) সম্ভাবনা খ) সম্বোধন
গ) সম্মতি ঘ) উচ্ছ্বাস

১১. **নিচের কোনটি অনুকার অব্যয়?**
ক) ঝম ঝম খ) মরি মরি
গ) ছি ছি ঘ) হায় হায়

১২. **নিচের কোনটি সকর্মক ক্রিয়ার উদাহরণ?**
ক) আমি চোখে দেখি না
খ) আমি রাতে খাব না
গ) আকাশে চাঁদ দেখি না
ঘ) ছেলেটি কানে শোনে না

১৩. **'কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল।'— ক্রিয়াটি কোন কালের?**
ক) সাধারণ অতীত
খ) ঘটমান অতীত
গ) নিত্যবৃত্ত অতীত
ঘ) পুরাঘটিত অতীত

১৪. **নিচের কোন বাক্যে ভবিষ্যৎ কালের অনুজ্ঞা প্রকাশ পেয়েছে?**
ক) সদা সত্য কথা বলবে
খ) সত্য গোপন করো না
গ) আমার কাজটা এখন কর
ঘ) অংকটা বুঝিয়ে দাও না

১৫. **'ডাক্তার ডাক।'— নিম্নরেখ শব্দটি কোন কারক?**
ক) কর্ম খ) করণ
গ) অপাদান ঘ) অধিকরণ

১৬. **অপাদান কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি?**
ক) প্রভাতে সূর্য ওঠে
খ) ফুলে ফুলে ঘর ভরেছে
গ) পাপে বিরত হও
ঘ) গরুতে দুধ দেয়

১৭. **ভাষার বিচারে বাক্যের কয়টি গুণ থাকতে হয়?**
ক) দুটি খ) তিনটি
গ) চারটি ঘ) পাঁচটি

১৮. **নিচের কোনটি মিশ্র বাক্য?**
ক) পুকুরে শাপলা জন্মে
খ) ভিক্ষুককে দান কর
গ) ভালো ছেলেরা শিক্ষকের আদেশ পালন করে
ঘ) যে সব পশু মাংস ভোজন করে, তারা বলবান

teachingbd24.com
https://teachingbd24.com

১৯. 'আপনাকে কেন্দ্র করে যার চিন্তা।'— বাক্যটির সংক্ষেপ রূপ হলো—
ক আত্মকেন্দ্রিক খ আত্মচিন্তা
গ আত্মচেতনা ঘ আত্মবান

২০. 'আগ্রহ' বোঝাতে কোনটি প্রযোজ্য?
ক মাথা ধরা খ মাথা ব্যথা
গ মাথা দেওয়া ঘ মাথা খাওয়া

২১. 'উড়নচণ্ডী' বাগধারাটির অর্থ কী?
ক দুর্লভ বস্তু খ প্রচুর ব্যবধান
গ অমিতব্যয়ী ঘ ভীষণ বিপদ

২২. 'মৃদু' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
ক হালকা খ প্রবল
গ লঘু ঘ গুরু

২৩. নিচের কোনটি ভাববাচ্যের উদাহরণ?
ক কেমন খাওয়া হয়েছে?
খ তোমরা কখন এলে?
গ তোমার নাম কী?
ঘ সে যেন আসে

২৪. 'এবার একটি গান করা হোক।'— বাক্যটির কর্তৃবাচ্য হবে—
ক একটি গান কর এবার
খ এবার একটি গান কর
গ এবার গান করা হোক
ঘ এবার তুমি গান কর

২৫. ধাতু বোঝাতে কোন চিহ্ন বসে?
ক > খ <
গ √ ঘ —

২৬. 'ছিঃ, তোমার এই কাজ।— বাক্যটিতে কী প্রকাশ পেয়েছে?
ক লজ্জা খ ঘৃণা
গ ক্রোধ ঘ ধিক্কার

২৭. বাক্যে বিধেয়-বিশেষণ কোথায় বসে?
ক প্রথমে খ শেষে
গ বিশেষণের পূর্বে ঘ বিশেষ্যের পর

২৮. জনসংখ্যার দিক দিয়ে পৃথিবীর বৃহৎ মাতৃভাষার মধ্যে বাংলা ভাষার স্থান হলো—
ক তৃতীয় খ চতুর্থ
গ পঞ্চম ঘ ষষ্ঠ

২৯. নিচের কোনটি দেশি শব্দ?
ক ডাব খ নগদ
গ মেথর ঘ হাত

৩০. প্রত্যেক ভাষারই কয়টি মৌলিক অংশ থাকে?
ক ছয়টি খ পাঁচটি
গ চারটি ঘ তিনটি

৩১. নিচের কোনটি প্রাতিপদিক?
ক কলম খ হাতা
গ হাতল ঘ মুখর

৩২. শ, ষ, স, হ— এ বর্ণগুলোকে বলা হয়—
ক অঘোষ ধ্বনি খ ঘোষ ধ্বনি
গ অল্পপ্রাণ ধ্বনি ঘ উষ্মধ্বনি

৩৩. নিচের কোনটি অপিনিহিতির উদাহরণ?
ক টপাটপ খ বিলিতি
গ দিশি ঘ রাইখ্যা

৩৪. নিচের কোন বানানটি সঠিক?
ক বর্ষন খ মুমূর্ষু
গ কাষ্ঠ ঘ মাষ্টার

৩৫. 'যথার্থ' শব্দটির সঠিক সন্ধি বিচ্ছেদ হলো—
ক যথা + অর্থ খ যথো + অর্থ
গ যথা + আর্থ ঘ যথঃ + অর্থ

৩৬. নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ?
ক বনস্পতি খ বাচস্পতি
গ পরস্পর ঘ বৃহস্পতি

৩৭. নিপাতনে সিদ্ধ সন্ধির উদাহরণ কোনটি?
ক নমস্কার খ পুনরায়
গ ষোড়শ ঘ সংস্কৃত

৩৮. নিত্য স্ত্রীবাচক শব্দের উদাহরণ কোনটি?
ক শ্রীমতি খ নর্তকী
গ ষোড়শী ঘ সতীন

৩৯. 'ঝন ঝন' শব্দটি যে ধরনের দ্বিরুক্তি—
ক অব্যয়ের খ পদাত্মক
গ ধ্বন্যাত্মক ঘ ক্রিয়ার

৪০. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
ক মানুষেরা মরণশীল
খ সকল মানুষেরাই মরণশীল
গ সব মানুষেরাই মরণশীল
ঘ সকল মানুষগণ মরণশীল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ক |

Teachingbd24.com